



বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

০৬ মার্চ, ২০১৭

প্রেসবিজ্ঞপ্তি

আন্তর্জাতিক নারী দিবসের প্রাক্কালে সম্প্রতি পাশ হওয়া বাল্য বিবাহ নিরোধ আইন ২০১৭ সহ অন্যান্য আইন যেখানে বৈষম্য বিদ্যমান সেসব আইনগুলো এখনই বিলোপ করা প্রয়োজন

ব্লাস্ট আয়োজিত “তথ্য অধিকার আইন ও মত প্রকাশের স্বাধীনতা” বিষয়ক একটি সেমিনারে সভাপতির বক্তব্যে ব্লাস্টের ট্রাস্টি বোর্ড সদস্য এডভোকেট জেড. আই. খান পান্না “আন্তর্জাতিক নারী দিবসের প্রাক্কালে সম্প্রতি পাশ হওয়া বাল্য বিবাহ নিরোধ আইন ২০১৭ সহ অন্যান্য আইন যেখানে বৈষম্য বিদ্যমান সেসব আইনগুলো এখনই বিলোপ করা প্রয়োজন। তিনি বলেন এই বাল্য বিবাহ নিরোধ আইন ২০১৭ প্রণয়নে প্রকারান্তরে শিশু ধর্ষণের সংখ্যা বেড়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে।

আজ ০৬ মার্চ, ২০১৭ তারিখে “তথ্য অধিকার আইন ও মত প্রকাশের স্বাধীনতা” বিষয়ক একটি সেমিনার ঢাকা বিশ্ববিদ্যালয়ের আর সি মজুমদার অডিটোরিয়াম লেকচার থিয়েটারে অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন আর্টিকেল ১৯ এর আঞ্চলিক পরিচালক তাহমিনা রহমান। সাংবাদিকদের সুরক্ষায় জাতীয় মানবাধিকার কমিশনকে আহ্বান জানিয়েছেন আর্টিকেল ১৯ বাংলাদেশ ও দক্ষিণ এশিয়ার পরিচালক তাহমিনা রহমান। ১৯৯৫ সাল থেকে নিয়ে এ পর্যন্ত ৫১ জন সাংবাদিক ও অনলাইন অ্যাকাটিভিস্ট হত্যার চিত্র তুলে ধরে এক সেমিনারে প্রধান আলোচক হিসেবে তিনি আজ সোমবার এ আহ্বান জানান।

তাহমিনা রহমান বলেন, ৫১ সাংবাদিক ও অনলাইন অ্যাকাটিভিস্ট হত্যার মধ্যে কেবল দুইটি হত্যার বিচার হয়েছে নিম্ন আদালতে, অন্যদিকে বেশিরভাগ মামলাই এখনো তদন্ত পর্যায়ে যার মধ্যে ১৫-২০ বছরব্যাপী পুরনো হত্যা মামলাও রয়েছে। সকল সাংবাদিক হত্যাকাণ্ডের দ্রুত বিচার নিশ্চিত করতে সরকারের প্রতি আহ্বান জানান। তিনি আরো বলেন, দীর্ঘ পাঁচ বছর পেরিয়ে গেলেও সাগর-রুনি হত্যাকাণ্ডের চার্জশীট হয়নি, ন্যায়বিচার তো দূরের কথা। আন্তর্জাতিক নারী দিবসকে সামনে রেখে তিনি সাংবাদিক রুনি ও সাগর দম্পতির হত্যার ন্যায়বিচার দ্রুত নিশ্চিত করার দাবি জানান।

তাহমিনা রহমান বলেন, সাংবাদিকরা প্রায় সময়ই মানহানির মামলা ও হয়রানিমূলক মামলাসহ আইনের অপপ্রয়োগের শিকার হন। গত বছরের চিত্র তুলে ধরে তিনি বলেন, গত বছর সাংবাদিকরা ৮৯টি মানহানির মামলার ঘটনার শিকার হয়েছেন যার মধ্যে ডেইলি স্টার সম্পাদক মাহফুজ আনামের বিরুদ্ধেই ৬৬টি ফৌজদারি মানহানির মামলা করা হয়েছে। তিনি বলেন, আর্টিকেল ১৯ সবসময়ই সাংবাদিকদের বিরুদ্ধে আইনের অপপ্রয়োগের বিরুদ্ধে সোচ্চার। আর্টিকেল ১৯ এর এই আঞ্চলিক পরিচালক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইনের ৫৭ ধারা বাতিলেরও দাবি জানান। তিনি বলেন, এ ধারাটি মতপ্রকাশের স্বাধীনতার জন্য হুমকি।

মত প্রকাশের স্বাধীনতা বিষয়টি জাতিসংঘের মানবাধিকারের সার্বজনীন ঘোষণাপত্র, ১৯৪৮ -এর অনুচ্ছেদ ১৯ এবং নাগরিক ও রাজনৈতিক অধিকারের আন্তর্জাতিক সনদ দ্বারা অন্যতম মৌলিক মানবাধিকার হিসেবে স্বীকৃত। আমাদের দেশের সংবিধানেও অনুচ্ছেদ ৩৯ এর মাধ্যমে মত প্রকাশের স্বাধীনতাকে মৌলিক অধিকার হিসেবে স্বীকৃতি দিয়েছে। উল্লেখ্য যে, নাগরিক ও রাজনৈতিক অধিকারের আন্তর্জাতিক সনদটিতে বাংলাদেশ ২০০০ সালে অনুসাক্ষর করে।

ব্লাস্টের অনারারী নির্বাহী পরিচালক সারা হোসেন সেমিনারটি সঞ্চালনা করেন। তিনি মত প্রকাশের স্বাধীনতা বিষয়ে কিছু গুরুত্বপূর্ণ মামলার উদাহরণ তুলে ধরেন। সেমিনারে আরও উপস্থিত ছিলেন আইনজীবী, সাংবাদিক, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, মানবাধিকার কর্মীসহ প্রমুখ।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসি এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ই-মেইল: mahbuba@blast.org.bd